# আফগানিস্তানে পাকিস্তানি বিমান হামলায় নিহত ৪


ছবি: সংগৃহীত

আফগানিস্তানের তিন প্রদেশে পাকিস্তানের বিমান হামলায় অন্তত চারজন নিহত হয়েছেন। বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) আফগান সরকারের মুখপাত্র জাবিহুল্লাহ মুজাহিদ এ তথ্য জানিয়েছেন।

তিনি জানান, কান্দাহার, পাক্তিয়া ও খোস্ত প্রদেশে এসব হামলা হয়েছে। এর আগে সোমবার কুনার প্রদেশে পাকিস্তানের হামলায় তিনজন নিহত হন। এ নিয়ে চলতি সপ্তাহে আফগানিস্তানের ভেতরে দ্বিতীয়বার হামলা চালাল পাকিস্তান।

তবে পাকিস্তানের তথ্যমন্ত্রী আতাউল্লাহ তারার বলেছেন, বুধবার পাকিস্তানের আকাশসীমায় আফগানিস্তান থেকে ড্রোন ঢোকার ঘটনা ঘটে। কয়েকটি ড্রোন শনাক্ত করে নিষ্ক্রিয় করার পর আফগানিস্তানের ১০টি স্থানে বিমান ও ড্রোন হামলা চালানো হয়।

পাকিস্তানের দাবি, তাদের ভূখণ্ডে আফগান ড্রোন প্রবেশ করা দেশের সার্বভৌমত্ব ও ভৌগোলিক অখণ্ডতার লঙ্ঘন।

পাকিস্তানি নিরাপত্তা সূত্রের বরাতে বলা হয়েছে, তোরখাম সীমান্তের কাছে এবং আফগান সীমান্তসংলগ্ন খাইবার পাখতুনখোয়ার কোহাত এলাকায় অন্তত আটটি ড্রোন নিষ্ক্রিয় করা হয়েছে। পাকিস্তানের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ড্রোনগুলো নির্ধারিত এলাকায় পৌঁছানোর আগেই শনাক্ত করে নিষ্ক্রিয় করেছে বলে জানিয়েছে সূত্রটি।

LENS ASIA